

প্রধানমন্ত্রী ভুটানের মহামান্য রাজার সঙ্গে সাক্ষাৎ করেন

মার্চ 22, 2024

প্রধানমন্ত্রী শ্রীনরেন্দ্র মোদী আজ থিম্পুতে ভুটানের রাজা জিগমে খেসার নামগেল ওয়াংচুকের সঙ্গে দেখা করেন। পারো থেকে থিম্পু পর্যন্ত তাঁর যাত্রাপথে জনগণ তাঁকে যেভাবে অভিবাদন জানিয়েছে সেটিকে এক অনন্য স্বাগত পদ্ধতি রূপে চিহ্নিত করে প্রধানমন্ত্রী মহামহিমকে ধন্যবাদ জানান।

2. প্রধানমন্ত্রী এবং ভুটানের মহামতি রাজা ঘনিষ্ঠ এবং অনন্য ভারত-ভুটান বন্ধুত্বে গভীর সম্মতি প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী দুই দেশের মধ্যে বন্ধুত্ব ও সহযোগিতার ঘনিষ্ঠ সম্পর্ক গঠনে ক্রমাগত ড্রুক গ্যালপোস প্রদত্ত পথনির্দেশক দৃষ্টিভঙ্গির প্রশংসা করেন।

3. বৈঠকটি দ্বিপাক্ষিক সহযোগিতার সম্পূর্ণ ধারা পর্যালোচনা করার সুযোগ দিয়েছে। ভুটানের জন্য ভারত এবং ভারতের জন্য ভুটান একটি চিরস্থায়ী বাস্তবতা ছিল তা স্বরণ করে, দুই নেতা রূপান্তরমূলক অংশীদারিত্বকে আরও এগিয়ে নেওয়ার উপায় নিয়ে পর্যালোচনা করেন। উভয়েই শক্তি, উন্নয়ন সহযোগিতা, যুব, শিক্ষা, উদ্যোক্তা এবং দক্ষতা উন্নয়নের ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা সম্প্রসারণের উদ্যোগগুলি অন্বেষণ করেন। উভয় নেতাই গেলফু মাইন্ডফুলনেস সিটি প্রকল্পের প্রেক্ষাপটে সংযোগ এবং বিনিয়োগ প্রস্তাবের অগ্রগতি নিয়েও আলোচনা করেছেন।

4. ভারত এবং ভুটান বন্ধুত্ব এবং সহযোগিতার অনন্য বন্ধন উপভোগ করে, যা পারস্পরিক বিশ্বাস এবং বোঝাপড়ার উপর নির্ভরশীল।

থিম্পু

22 মার্চ, 2024